তারিখ ... 08 APR 2016 ...
পৃষ্ঠা ...১০... কলাম ...৬...

সংবাদ

### সিদ্ধিরগঞ্জ সফুরা খাতুন বালিকা বিদ্যালয়

# ম্যানেজিং কমিটি গঠনে ফের নিয়মের ব্যত্যয়

**প্রতিনিধি, সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ)**

সিদ্ধিরগঞ্জের সফুরা খাতুন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনে ফের অনিয়মের অভিযোগ উঠেছে। বিধিবহির্ভূতভাবে ম্যানেজিং কমিটি গঠনের অভিযোগে বোর্ড কর্তৃপক্ষ পূর্বের কমিটি বাতিল করে এডহক কমিটি গঠনের নির্দেশ দেয়। চলতি বছরও বিধিবহির্ভূতভাবে কমিটি গঠন করায় শিক্ষক ও এলাকাবাসীর মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঘটনাটি ঘটেছে। বর্তমানে দায়িত্বে থাকা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ডিপেন্দ্র চন্দ্র সরকারের বিরুদ্ধেও নানা অনিয়ম আর দুর্নীতির অভিযোগ উঠেছে। জানা গেছে, অনিয়মের কারণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা গত ১১/৯/২০১৩ তারিখের ৫৯৭(৪) স্মারকে ম্যানেজিং কমিটি বাতিল করে একটি এডহক কমিটি গঠনের নির্দেশ দেয়। কমিটি ছাড়াই এক বছর চালিয়ে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিপেন চন্দ্র সরকার বাতিল করা কমিটির সভাপতিকেই এডহক কমিটির সভাপতি নির্বাচনের সুপারিশ করে। বিদ্যালয় কর্তৃপক্ষ ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য ঢাকা বোর্ডে পাঠালে কর্তৃপক্ষ গত ৬ মার্চ ১২ সদস্য বিশিষ্ট ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়। উক্ত অনুমোদিত কমিটি বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও স্থানীয় এলাকাবাসীর নজরে আসলে এ কমিটিও বিধিবহির্ভূতভাবে গঠনের অভিযোগ উঠে। বাতিল হওয়া কমিটির সভাপতি ও এডহক কমিটির সভাপতিকেই বর্তমান কমিটির সভাপতি করা, যাদের কোন সন্তান অত্র বিদ্যালয়ে লেখাপড়া করে না তাদেরকে অভিভাবক প্রতিনিধি করা, এডহক কমিটির সদস্যকে অভিভাবক প্রতিনিধি করা, প্রাইমারী ও হাইস্কুল শাখা থেকে একজন করে শিক্ষক প্রতিনিধি নেয়ার কথা থাকলেও হাইস্কুল শাখা থেকেই দুইজন শিক্ষক প্রতিনিধি করা এবং সভাপতির মেয়েকে দাতা সদস্য করা হয়েছে যা সম্পূর্ণ বিধিবহির্ভূত। অনিয়ম আর দুর্নীতির অভিযোগে ৩৩ বছর ধরে প্রধান শিক্ষিকা পদে কর্মরত থাকা হাসিনা বানুকে অপসারণ করা হলেও দুর্নীতি মুক্ত হয়নি বিদ্যালয়টি। বর্তমানে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ডিপেন্দ্র চন্দ্র সরকারও তার নানা অপকর্মকে ঢাকতেই বিধিবহির্ভূতভাবে এ কমিটি গঠন করেছে বলে অভিযোগ রয়েছে। এ ব্যাপারে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ডিপেন্দ্র চন্দ্র সরকার সব অভিযোগ অস্বীকার করে জানান, সভাপতির পরামর্শেই কমিটি গঠন করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নাজনীন নাহার জানান, অনিয়মের অভিযোগ থাকলে কমিটি ভেঙ্গে দেয়া হবে। বর্তমান অনুমোদিত কমিটি বোর্ডের প্রজ্ঞাপন অনুযায়ী না হওয়ায় কমিটি বাতিলের দাবি জানিয়েছে অভিভাবকমহল ও এলাকাবাসী।